গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, ঢাকা
সংস্থাপন শাখা
www.dhaka.gov.bd

নম্বর: ০৫.৪১.২৬০০.০০৮.৫১.০৯১.১১-

তারিখ: শ্রাবণ ১৪৩৩ / আগস্ট ২০২৬

## অফিস আদেশ

যেহেতু, জনাব মোঃ আতাউর রহমান সরদার, অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক, নেজারত শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, ঢাকা গত ০৭/০১/২০২৪ তারিখ হতে অব্যাহতভাবে ০২/০৬/২০২৫ তারিখ পর্যন্ত ০১ বছর ০৪ মাস ২৫ দিন কর্তৃপক্ষের বিনা অনুমতিতে কর্মস্থলে অনুপস্থিত ছিলেন এবং উক্ত কর্মচারীকে বর্ণিত বিষয়ে ২ (দুই) বার কারণ দর্শানো হলেও কোন জবাব দাখিল করেননি;

০২। যেহেতু, তিনি কর্তৃপক্ষের অনুমতি ব্যতিরেকে কর্মস্থলে অনুপস্থিত ও কারণ দর্শানোর জবাব দাখিল না করে কর্তৃপক্ষের আইনসংগত আদেশ অমান্য এবং দায়িত্ব ও কর্তব্যে অবহেলা প্রদর্শন করেছেন। দীর্ঘদিন কর্মস্থলে অনুপস্থিত থাকায় অফিসের দৈনন্দিন কার্যক্রম ব্যাহত হয়েছে, বর্ণিত কর্মচারীর উক্ত কর্মকান্ড সরকারি কর্মচারি (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা ২০১৮ এর ৩(খ) ও (গ) নং বিধি অনুযায়ী "অসদাচরণ" (Misconduct) ও "পলায়ন" (Desertion) এর আওতাভুক্ত শাস্তিযোগ্য অপরাধ;

০৩। যেহেতু, জনাব মোঃ আতাউর রহমান সরদার, অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক, নেজারত শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, ঢাকার বিরুদ্ধে গত ০৭/০১/২০২৪ তারিখ হতে অব্যাহতভাবে ০২/০৬/২০২৫ তারিখ পর্যন্ত ০১ বছর ০৪ মাস ২৫ দিন কর্তৃপক্ষের বিনা অনুমতিতে কর্মস্থলে অনুপস্থিত থাকায় এ কার্যালয়ের স্মারক নং: ০৫.৪১.২৬০০.০০৮.৫১.০১১.১১-৮৯ (সং); তারিখ: ২৯/০৬/২০২৫ পত্রমূলে সরকারি কর্মচারি (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা ২০১৮ এর ৩(খ) ও (গ) নং বিধি অনুযায়ী "অসদাচরণ" (Misconduct) ও "পলায়ন" (Desertion) এর আওতাভুক্ত শাস্তিযোগ্য অপরাধে বিভাগীয় মামলা রুজু করা হয়, উক্ত বিধিমালায় ৪ (৩) (ঘ) নং বিধি অনুযায়ী কেন 'চাকরি হতে বরখাস্ত' করা হবে না অথবা অন্য কোন উপযুক্ত দন্ড প্রদান করা হবে না তা উক্ত বিধিমালার ৭ (১)(খ) নং বিধি অনুযায়ী অভিযোগনামা প্রাপ্তির ১০ (দশ) কার্যদিবসের মধ্যে লিখিতভাবে জানানোর জন্য বলা হয়। আত্মপক্ষ সমর্থনে ব্যক্তিগত শুনানিতে অংশগ্রহণের ইচ্ছা পোষণ করেন কি না তা নির্ধারিত সময়ের মধ্যে লিখিতভাবে জানানোর জন্য নির্দেশ প্রদান করা হয়। যে অভিযোগ বিবরণীর উপর ভিত্তি করে এ অভিযোগনামা প্রণীত হয়েছে তা প্রেরণ করা হয়; কিন্তু তিনি কোন জবাব দাখিল করেননি।

০৪। যেহেতু, তার স্থায়ী ঠিকানায় ডাকযোগে রেজিষ্ট্রি এডি করে অভিযোগনামা ও অভিযোগ বিবরণী প্রেরণ করা হলে কোন লোক না পাওয়ায় প্রেরিত পত্রটি বিনা তামিলে ফেরৎ পাওয়া যায়। তাছাড়া উক্ত অভিযোগনামা ও অভিযোগ বিবরণী তার অফিসের ঠিকানায় জারীকারকের মাধ্যমে প্রেরণ করা হলে দীর্ঘদিন কর্মস্থলে অনুপস্থিত থাকায় পত্রটি বিনা তামিলে ফেরৎ পাওয়া যায়। পরবর্তীতে এ কার্যালয়ের স্মারক নং: ০৫.৪১.২৬০০.০০৮.৫১.০৯১.১১.২৪০ (সং); তারিখ: ০৬/১১/২০২৫ পত্রমূলে বিভাগীয় মামলার বর্ণিত "অভিযোগনামা" ও "অভিযোগ বিবরণী" তার স্থায়ী ঠিকানা গ্রাম: গঙ্গাপ্রসাদপুর, ডাকঘর: রাজবাড়ী, উপজেলা: রাজবাড়ী সদর, জেলা: রাজবাড়ী জারীপূর্বক প্রতিবেদন প্রেরণের জন্য জেলা প্রশাসক, রাজবাড়ীর নিকট প্রেরণ করা হয়, অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), রাজবাড়ী স্মারক নং: ০৫.৩০.৮২০০.০২৬.০৭.০২৭.২০. ৩২২; তারিখ: ৩০/১২/২০২৫ পত্রমূলে বর্ণিত স্থায়ী ঠিকানায় উক্ত নামীয় কোন ব্যক্তি বসবাস না করায় প্রেরিত "অভিযোগনামা" ও 'অভিযোগ বিবরণী" বিনা জারীতে ফেরৎ প্রেরণ করেন;

০৫। যেহেতু, এ কার্যালয়ের নম্বর: ০৫.৪১.২৬০০.০০০.০০৮.৫১. ০৯১.১১.২৯(৫); তারিখ: ২৮/০১/২০২৬ খ্রি. পত্রমূলে জনাব মো: আ: হালিম, নেজারত ডেপুটি কালেক্টর, জেলা প্রশাসকের কার্যালয়, ঢাকাকে উক্ত বিভাগীয় মামলাটি তদন্তপূর্বক মতামতসহ প্রতিবেদন দাখিলের জন্য দায়িত্ব প্রদান করা হয়, তিনি ইউ.ও.নোট নং: ০৫.৪১.২৬০০.০১০.৫১.৩৩.২৩-৩১৭; তারিখ: ১৬/০৩/২০২৬ পত্রমূলে বিভাগীয় মামলাটি তদন্তপূর্বক নিম্নোক্ত মতামতসহ প্রতিবেদন দাখিল করেন:

মতামত: জনাব মো: আতাউর রহমান সরদার, অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক, নেজারত শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, ঢাকা কর্তৃক গত ০৭/০১/২০২৪ তারিখ হতে ০২/০৬/২০২৫ তারিখ পর্যন্ত কর্তৃপক্ষের অনুমতি ব্যতীত কর্মস্থলে অনুপস্থিতি সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা ২০১৮ এর ৩ (খ) অনুযায়ী "অসদাচরণ" (Misconduct) ও (গ) নং বিধি মোতাবেক "পলায়ন" (Desertion) যা সুস্পষ্টভাবে প্রমাণিত হয়েছে;

CamScanner

০৬। যেহেতু, তার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) ও (গ) নং বিধি অনুযায়ী "অসদাচরণ" ও "বিনা অনুমতিতে কর্মস্থল ত্যাগ" এর অভিযোগ প্রমাণিত হয় এবং তাকে একই বিধিমালার ৪ (৩) (ঘ) নং বিধি অনুযায়ী চাকরি হতে বরখাস্তকরণের গুরুদন্ড আরোপের সিদ্ধান্ত গৃহীত হওয়ায় এ কার্যালয়ের স্মারক নং: ০৫.৪১.২৬০০.০০৮.৫১.০৯১.১১-১২৭ (সং); তারিখ: ২২/০৪/২০২৬ মূলে "দ্বিতীয় কারণ দর্শানো নোটিশ" তার স্থায়ী ঠিকানায় ডাকযোগে রেজিস্ট্রি এডি করে ও অফিসের ঠিকানায় প্রেরণ করা হয়, কিন্তু তাকে না পাওয়ায় নোটিশ বিনা তামিলে ফেরৎ পাওয়া যায়;

০৭। যেহেতু, নথিপত্র পর্যালোচনায় এবং তদন্ত প্রতিবেদনে প্রদত্ত মতামতের আলোকে তার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) ও (গ) নং বিধি অনুযায়ী "অসদাচরণ" ও "পলায়ন" এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হওয়ায় তিনি গুরুদন্ড পাওয়ার যোগ্য;

০৮। সেহেতু, জনাব মো: আতাউর রহমান সরদার, অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক, নেজারত শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, ঢাকাকে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ৫ আপীল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) ও (গ) নং বিধি অনুযায়ী "অসদচারণ" ও "পলায়ন" এর অভিযোগে দোষী সাব্যস্ত করে অভিযোগের গুরুত্ব ও প্রাসঙ্গিক সকল বিষয় বিবেচনায় একই বিধিমালার ৪(৩)(গ) বিধি অনুযায়ী তাকে "চাকরি হতে অপসারণ" গুরুদন্ড প্রদান করা হলো।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

স্বাক্ষরিত/-
ফরিদা খানম
জেলা প্রশাসক
ঢাকা।
ফোন: ০২-২২৩৩৮৯৭৮৬
ইমেইল: dcdhaka@mopa.gov.bd

নম্বর: ০৫.৪১.২৬০০.০০৮.৫১.০৯১.১১- ২৪৬ (২০০)

তারিখ: ১৮ শ্রাবণ ১৪৩৩ / ০২ আগস্ট ২০২৬

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
০২। বিভাগীয় কমিশনার, ঢাকা বিভাগ, ঢাকা;
০৩। বিভাগীয় কমিশনার (সকল);
০৪। জেলা প্রশাসক (সকল);
০৫। উপপরিচালক, স্থানীয় সরকার, জেলা প্রশাসকের কার্যালয়, ঢাকা;
০৬। অতিরিক্ত জেলা প্রশাসক (সকল)/অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, ঢাকা;
০৭। সার্কেল অফিসার, তেজগাঁও উন্নয়ন সার্কেল, ঢাকা;
০৮। উপজেলা নির্বাহী অফিসার (সকল), ঢাকা;
০৯। এনডিসি/আরডিসি/জিসিও/এলএও/ট্রেজারী অফিসার, জেলা প্রশাসকের কার্যালয়, ঢাকা;
১০। সিনিয়র সহকারী কমিশনার/সহকারী কমিশনার,.............শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, ঢাকা;
১১। সহকারী কমিশনার (ভূমি) (সকল), ঢাকা;
১২। সহকারী কমিশনার, আইসিটি শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, ঢাকা (জেলা ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ);
১৩। সহকারী কমিশনার, গোপনীয় শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, ঢাকা;
১৪। চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, জনপ্রশাসন মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা;
১৫। প্রশাসনিক কর্মকর্তা, সংস্থাপন শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, ঢাকা;
১৬। জনাব মো: আতাউর রহমান সরদার, অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক, নেজারত শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, ঢাকা; স্থায়ী ঠিকানা: পিতা: মো: মোহন সরদার, গ্রাম: গঙ্গাপ্রসাদপুর, ডাকঘর: রাজবাড়ী উপজেলা: রাজবাড়ী সদর, জেলা: রাজবাড়ী।

২.০৮.২০২৬
জেলা প্রশাসক
ঢাকা।

CamScanner